

০৪/০৭/১৬

ঘায়েঘায়েদিচ

স্টং ২৩

ঘৰ কৃষি সংবাদ ১০



কুড়িগ্রামে কৃষি উপকরণ বিতরণ কৃষি ও সভাবনা ডেক্স

কুড়িগ্রামের নাগেশ্বরী উপজেলা চতুরে
শনিবার কৃষি উপকরণ বিতরণ করেন
কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী। উপজেলার
৫০ কৃষকের প্রতিজনকে নাজিরশাইল
ধানের বীজ, ৫ কেজি মাষকলাই,
লালশাক বীজ, মুলা বীজ, পালংশাক
বীজ, মিষ্ঠি কুমড়া বীজ, বিটি বেগুন
বীজ, ১০ কেজি ডিএপি সার এবং ৫
কেজি এমওপি সার বিতরণ করেন
তিনি। একই দিন তিনি কুড়িগ্রাম
সদরেও কৃষি উপকরণ বিতরণ
করেন। জেলায় ৯ লাখ ৯২ হাজার
টাকার কৃষি উপকরণ ১৬ হাজার
৬৫০ জন কৃষকের মধ্যে বিতরণ করা
হয়। এর মধ্যে ৩ হাজার কৃষককে ৭
লাখ ৮০ হাজার টাকার শাক-সবজির
বীজ এবং ৩১৮জন কৃষককে ২ লাখ
১২ হাজার টাকার রোপা আমনের
চারা বিতরণ করা হয়। উপকরণ
বিতরণ অনুষ্ঠানে অন্যদের মধ্যে
বক্তব্য রাখেন কৃষি মন্ত্রণালয়ের সচিব
মোহাম্মদ মন্দিনউদ্দিন আব্দুল্লাহ,
কুড়িগ্রাম-১ আসনের সংসদ সদস্য
একেএম মোস্তাফিজুর রহমান, জেলা
প্রশাসক খান মো. নরুল আমিন ও
নাগেশ্বরী উপজেলা আওয়ামী লীগের
সভাপতি মোজাম্বেল হক প্রধান। এ
ছাড়া বাংলাদেশ ধান গবেষণা
ইনসিটিউটের মহাপরিচালক ভাগ্য
রানী বগিক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি ঢাকার মহাপরিচালক
কৃষিবিদ হামিদুর রহমান, বিএডিসি
চেয়ারম্যান নাসিরউদ্দিন, কুড়িগ্রাম
জেলার প্রশাসক সাবেক সংসদ
সদস্য মো. জাফর আলী, জেলা
আওয়ামী লীগের সভাপতি আমিনুল
ইসলাম মঞ্জু মণ্ডল, উপজেলা নির্বাহী
কর্মকর্তা আবু হায়াত মো.
ওহমরুল্লাহ, উপজেলা কৃষি কর্মকর্তা
মাসুদুর রহমান সরকার প্রমুখ
উপস্থিত ছিলেন।